

ব্রাহ্মণ ও ব্রহ্মদৈত্য

blackhash.weebly.com

এক গ্রামে বাস করত এক ব্রাহ্মণ। সে খুব গরিব ছিল। দিন আনে দিন খায়। একদিন সে ভিক্ষা করতে করতে সামনের গ্রামের জমিদারের বাড়ি দেখতে পেল। সে চিন্তা করল, জমিদার খুব দয়ালু মানুষ। তার কাছে কিছু চাইলে নিশ্চয়ই কিছু না কিছু পাওয়া যাবে। এই চিন্তা করে সে জমিদারের বাড়িতে ঢুকল।

সে বাড়িতে ঢুকে জমিদারের কথা শুনতে পেল। জমিদার এক সভায় তার লোকজন কে নিয়ে কথা বলছিল।

জমিদার: শনেছি এই গ্রামে নাকি একটি অশথ গাছ আছে?

লোকজন: হ্যাঁ হজুর আছে তো।

জমিদার: লোকে বলে ওই গাছটাতে নাকি একটা ব্রহ্মদৈত্য বাস করে!

হ্যা হজুর কয়েকজন রাতের বেলা ওই গাছের নিচে বসেছিল। তারা আর ফিরে আসে নি।

শোন সবাই আমি ঘোষণা করছি যে ওই গাছের একটা ডাল ভেঙে আনতে পারবে তাকে আমি ১০০ বিঘা জমি পুরস্কার দেব। কেউ কি রাজি আছে?

তখন ব্রাহ্মণ বলল হজুর আমি রাজি আছি।

তুমি পারবে তো?

হ্যা হজুর আমি ঠিক পারব।

ঠিক আছে, তাহলে আজ মধ্যরাতে তুমি ওই গাছে গিয়ে একটা ডাল ভেঙে সকালে আমাদের দেখাবে। আর যদি কোনও চলাকি করো তাহলে তোমার গর্দান কাটা যাবে!

ঠিক আছে হজুর। আমি তাহলে আসি।

এরপর ব্রাহ্মণ সারাদিন চিন্তা করতে লাগল সে যাবে কিনা না। একবার সে মনে করল যদি ওখানে গিয়ে আর ফিরে আসতে না পারি? কিন্তু এভাবে বেচে থাকার চেয়ে যাওয়াই ভাল।

অবশেষে সিদ্ধান্ত নিল যে সে যাবে। এবার সে রাত হওয়ার অপেক্ষা করতে লাগল।

তখন মধ্যরাত। চারিদিকে নিঝুম ঘুটঘুটে অন্ধকার। ঝিঝি পোকা ডাকাডাকি করছে। ব্রাহ্মণ যাওয়ার জন্য প্রস্তুত হল। সে ঘর থেকে বের হয়ে হাঁটা শুরু করল। কিছুদূর হাতার পর তার গা ছমছম করতে লাগল। হঠাৎ আশেপাশে কুকুর ডাকছে। সে অনেক ভয়ে ভয়ে অশ্বৎ গাছটার সামনে পৌঁছল। তার বুক ধক ধক করছে। সে অশ্বৎ গাছটার সামনে পৌঁছাতেই হঠাৎ চারিদিক দিনের মত উজ্জ্বল হয়ে উঠল। হঠাৎ মাটি দুভাগ হয়ে কতগুলো মানুষের কঙ্কাল বের হয়ে আস্তে লাগল। কঙ্কাল গুলোর কাটা চোখ থেকে রক্ত পরছে। একটা কঙ্কাল তো নিজের চোখ নিজেই খেয়ে ফেলল!! তা দেখে ব্রাহ্মণের মরে যাবার অবস্থা!

একটা কঙ্কাল তার হাত দিয়ে ব্রাহ্মণের পেটে দুভাগ করে ফেলবে এমন সময় এক বিশালাকার দৈত্য বলল এই তোরা থাম। ব্রাহ্মণ বুলল এই ব্রহ্মদৈত্য। ব্রহ্মদৈত্য ব্রাহ্মণকে জিজ্ঞাসা করল:

কেরে তুই? এখানে কি করছিস? মরবার শখ হয়েছে নাকি!

ব্রাহ্মণ বলল, দয়া করুন প্রভু আমি এই গাছের একটা ডাল নিতে চাই। আমি খুব গরিব যদি এই ডালটা না ভাঙতে পারি তাহলে না খেয়ে আমি মরে যাব প্রভু। যদি এই ডালটা পাই তাহলে জমিদার আমাকে পুরস্কার দেবেন। তাহলে আমি দুমুঠো খেতে পারব।

ব্রহ্মদৈত্য বলল, ঠিক আছে। আমি তোকে একটা ডাল ভাঙতে দেব। এই ভুতেরা এর জন্য একটা ডাল ভেঙে দেত।

ভুতেরা সাথে সাথে একটা ডাল ভেঙে দিল। ব্রাহ্মণ সেটা নিয়ে চলে গেল। আর ব্রহ্মদৈত্যকে অনেক ধন্যবাদ দিল।

পরেরদিন সে জমিদারের কাছে সেটা নিয়ে গিয়ে দেখাল। জমিদার পরীক্ষা করার জন্য যে ডালটি আসল না নকল তিনি তার সাঙ্গপাঙ্গদের নিয়ে সকাল বেলা দেখতে গেল ডালটি ওই গাছেরই কিনা।

তারা মিলিয়ে দেখল যে হ্যাঁ এই ডাল ওই গাছেরই।

এরপর জমিদার তাকে ১০০ বিঘা জমি উপহার দিল। ব্রাহ্মণ সেটা দিয়ে আরামে তার বাকি জীবন সুখে-সাম্বন্দে কাটাতে লাগল।

বন্ধুরা, তোমরা এরকম আরও সুন্দর সুন্দর গল্প ও কমিক পেতে পার এই blackhash.weebly.com
ঠিকানায়।